

উচ্চমাধ্যমিকে ইংরেজির নতুন বই ক্লাস গুরু দু'মাস পর পাঠদান পরিকল্পনা

যুগান্তর রিপোর্ট

উচ্চমাধ্যমিকে এবার নতুন কারিকুলামের আলোকে লেখা হয়েছে ইংরেজি বই। ১ জুলাই এ বইয়ের ওপর সারা দেশের কলেজগুলোতে ক্লাস ও শুরু হয়েছে। ক্লাস গুরুর দু'মাসের মাধ্যম অবশেষে এ বইয়ের ওপর প্রশ্নের মানবন্টন ও পাঠদান পরিকল্পনা চূড়ান্ত করার উদ্যোগ নেয়া হয়েছে। আজ ঢাকায় জাতীয় পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) এ উপলক্ষে আয়োজন করা হয়েছে জাতীয় কর্মশালার।

কর্মশালার আয়োজকরা জানান, আজকের সভায় নতুন বইয়ের ওপর পরীক্ষায় কীভাবে ও কেমন প্রশ্নপত্র হবে, সেটি চূড়ান্ত করা হবে। এটি চূড়ান্ত করতে গিয়ে নতুন বইয়ের ওপর নমুনা প্রশ্ন তৈরি হবে। নমুনা প্রশ্নের সঙ্গে মানবন্টন হবে। এরপর এগুলো জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি) অনুমোদন করবে। এ কমিটি যা অনুমোদন করবে, তা পরবর্তী সময়ে ছাপিয়ে এবং প্রজ্ঞাপন আকারে জারি করা হবে। শিক্ষকরা পাঠদান করবেন প্রজ্ঞাপনে দেয়া প্রশ্নের মানবন্টন আর নমুনা প্রশ্নের আলোকে। সে হিসেবে আজকের কর্মশালায় পাঠদান পরিকল্পনাও প্রকারান্তরে চূড়ান্ত হবে।

এদিকে নতুন পাঠ্যবই প্রবর্তন করা হলেও বইটি সম্পর্কে শিক্ষকদের কোনো ধারণা না দেয়ার ক্লাসে পাঠদানে বিঘ্ন হচ্ছে বলে দেশের বিভিন্ন স্থান থেকে শিক্ষকরা জানিয়েছেন। তারা বলেছেন, বই আর কারিকুলামের দর্শন এবং লক্ষ্য-উদ্দেশ্য না জেনে সাধারণ কোনো বইয়ের মতোই তারা পাঠদান করছেন। এজন্য শিক্ষকরা এ বইয়ের ওপর কর্মশালা এবং প্রশিক্ষণের আয়োজন করতে পরামর্শ দিয়েছেন।

এ বিষয়ে জানতে চাইলে এনসিটিবির সদস্য (পাঠ্যপুস্তক) অধ্যাপক ড. রতন সিদ্ধিকী যুগান্তরকে জানান, নতুন কারিকুলামে উচ্চমাধ্যমিকে পাঠ্যবই অন্তর্ভুক্ত করা শুরু হয় ২০১৩ সালে। মৌলিক বিষয়ের মধ্যে ইংরেজি নিয়ে আর্মারী পিছিয়ে ছিল। এ কারণে

শিক্ষকদের কাছ থেকে নতুন বইটি পাওয়ার সঙ্গে সঙ্গেই তা পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়। তিনি বলেন, বিলম্বের কারণে একদিকে ক্লাসে পাঠদান আরেকদিকে নতুন বই সম্পর্কে শিক্ষকদের ধারণা দেয়ার কাজটি আমরা যুগপ্তই ভাবিয়ে করতে চেয়েছিলাম। কিন্তু শ্রমের ছুটি আর আগামী বছরের নতুন পাঠ্যবইয়ের কাজের চাপে একটু পিছিয়ে গেছে। তবে মহলবারের কর্মশালায় প্রশ্নের মানবন্টন চূড়ান্ত হলে এক সপ্তাহের মধ্যেই শিক্ষকদের কাছে নমুনা প্রশ্ন পাঠানো যাবে। শিক্ষকরা নমুনা প্রশ্ন অনুযায়ী ক্লাসে পাঠদান করবেন। তাই যেটুকু আমরা পিছিয়ে গেছি, সেটুকু অল্প সময়েই পূরণ করা সম্ভব হবে।